**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক সম্পর্ক বিভাগ**
**এডিবি অনুবিভাগ**
**শের-ই-বাংলা নগর, ঢাকা ১২০৭**
**www.erd.gov.bd**

## প্রেস বিজ্ঞপ্তি

**ঢাকা, ২৯ সেপ্টেম্বর ২০২৫** – বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রাকে ত্বরান্বিত করতে বাংলাদেশ সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)'র মধ্যে আজ তিনটি প্রকল্পের জন্য মোট ৩৩১.৭১ মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি ও অনুদানচুক্তি ঢাকায় স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে জনাব মোঃ শাহ্‌রিয়ার কাদের ছিদ্দিকী, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং এডিবি'র পক্ষে Mr. Hoe Yun Jeong, কান্ট্রি ডিরেক্টর, এডিবি, বাংলাদেশ আবাসিক মিশন এই ঋণ ও অনুদানচুক্তি স্বাক্ষর করেন। ঋণ ও অনুদানচুক্তি স্বাক্ষরকালে বাংলাদেশ সরকার ও এডিবি'র ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ SARD-এর মহাপরিচালক Mr. Takeo Konishi উপস্থিত ছিলেন।

প্রকল্পসমূহের তথ্য নিম্নরূপ:

১। **Integrated Services and Livelihood for Displaced People from Myanmar and Host Communities Improvement** প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে মোট ৮৬.৭১ মিলিয়ন মার্কিন ডলারের Ordinary Capital Resources (Concessional) ঋণচুক্তি ও অনুদানচুক্তি স্বাক্ষরিত হয়। তন্মধ্যে, ২৮.১১ মিলিয়ন মার্কিন ডলার সহজ শর্তের ঋণ এবং ৫৮.৬০ মিলিয়ন মার্কিন ডলার অনুদান। প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হবে। এই প্রকল্পের মাধ্যমে বাস্তুচ্যুত রোহিঙ্গা জনগোষ্ঠির জন্য জনস্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত মৌলিক অবকাঠামো, অত্যাবশ্যকীয় পরিষেবা প্রাপ্তির জন্য যোগাযোগ ব্যবস্থার উন্নতিসাধন এবং পরিষেবাসমূহের সংস্থান ও টেকসইকরণে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করা হবে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) এর প্রকল্পটি জুলাই ২০২৫ হতে জুন ২০২৮ সময়ে এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর প্রকল্পটি জুলাই ২০২৫ হতে জুন ২০৩০ সময়ে বাস্তবায়িত হবে। প্রকল্পের জন্য এডিবি হতে প্রদেয় সহজ শর্তের Ordinary Capital Resources (Concessional) ঋণের সুদের হার ২%। এতদ্ব্যতীত অন্য কোন চার্জ নেই। এ ঋণ ০৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য।

২। **"Khulna Water Supply Project (Phase-2)"** প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে মোট ১৫৪ মিলিয়ন মার্কিন ডলারের ঋণ ও অনুদানচুক্তি স্বাক্ষরিত হয়। এর মধ্যে সহজ শর্তের ১০০ মিলিয়ন মার্কিন ডলার Ordinary Capital Resources (Concessional) ঋণ, ৫০ মিলিয়ন মার্কিন ডলার Ordinary Capital Resources (Regular) ঋণ, ৪.০০ মিলিয়ন মার্কিন ডলার অনুদান। প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগের আওতাধীন খুলনা ওয়াসা কর্তৃক বাস্তবায়িত হবে। এই প্রকল্পের মাধ্যমে খুলনা শহরে শুষ্ক মৌসুমে নিরাপদ এবং পর্যাপ্ত পানির সরবরাহ নিশ্চিত করতে ভূ-উপরিস্থ পানির মাধ্যমে বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থা উন্নত করা এবং যেসব এলাকায় পাইপলাইনের মাধ্যমে পানি সরবরাহ এখনো পৌঁছায়নি, সেসব এলাকায় পানি সরবরাহের পরিধি বৃদ্ধি করা হবে। এ প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল জুলাই ২০২৫ হতে জুন ২০৩০ পর্যন্ত। প্রকল্পের জন্য এডিবি প্রদেয় সহজ শর্তের Ordinary Capital Resources (Concessional) ঋণের সুদের হার ২%। Ordinary Capital Resources (Regular) ঋণের সুদের হার SOFR

(Secured Overnight Financing Rate)+০.৫০%। এছাড়া, OCR ঋণের জন্য ০.১০% হারে ম্যাচুরিটি প্রিমিয়াম ও অব্যয়িত (undisbursed) অর্থের ওপর ০.১৫% হারে কমিটমেন্ট চার্জ প্রযোজ্য হবে। এ ঋণ ৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য।

৩। বিদ্যুৎ বিভাগের আওতাধীন নর্দান ইলেকট্রিক সাপ্লাই পিএলসি (নেসকো) কর্তৃক বাস্তবায়নাধীন **Northwest Distribution Network Modernization Project** শীর্ষক প্রকল্পটির মোট ব্যয় ১১৩.৫৮ মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে ৯১.০০ মিলিয়ন মার্কিন ডলার ADB-এর OCR Regular ঋণ, ২.০০ মিলিয়ন মার্কিন ডলার Japan Fund for Prosperous and Resilient Asia and the Pacific (JFPR)-এর অনুদান এবং অবশিষ্ট ২০.৫৭ মিলিয়ন মার্কিন ডলার বাংলাদেশ সরকার ও নেসকোর নিজস্ব তহবিল থেকে নির্বাহ করা হবে। এই প্রকল্পের মাধ্যমে নেসকো এলাকায় বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্ক আধুনিকীকরণ করা হবে, যার ফলে গ্রাহকদের আধুনিক ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার পাশাপাশি পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় এবং সিস্টেম লস উল্লেখযোগ্যভাবে হ্রাস পাবে। প্রকল্পটির প্রস্তাবিত বাস্তবায়নকাল জুলাই ২০২৫ থেকে জুন ২০২৯ পর্যন্ত। OCR Regular ঋণের সুদের হার হবে Secured Overnight Financing Rate (SOFR) + ০.৫০%। এছাড়া, ০.১০% হারে ম্যাচুরিটি প্রিমিয়াম এবং অছাড়কৃত অর্থের ওপর ০.১৫% হারে কমিটমেন্ট চার্জ প্রযোজ্য হবে। এ ঋণ ৫ বছরের গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য।

এডিবি বাংলাদেশের অন্যতম বৃহৎ বহুপাক্ষিক উন্নয়ন সহযোগী। ১৯৭৩ সাল থেকে এ পর্যন্ত এডিবি বাংলাদেশকে বিদ্যুৎ, জ্বালানি, স্থানীয় সরকার, পরিবহন, শিক্ষা, কৃষি, স্বাস্থ্য, পানি সম্পদ, গভর্নেন্স ইত্যাদি খাতে ৩৩.৯৫১ বিলিয়ন মার্কিন ডলার ঋণ ও ৫৭১.২ মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করেছে।

২৭/৮/২৫

আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ
উপসচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ